ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৫০
আগরতলা, ১৯ আগস্ট, ২০২৪

## রাজভবনে রাখি উৎসবের উদ্বোধন

### রাখিবন্ধন বোনেদের রক্ষা করার বিষয়টি স্মরণ করিয়ে দেয় ঃ রাজ্যপাল

রাখিবন্ধন শুধু একটি উৎসব নয়। বোনেদের রক্ষা এবং তাদের হাতে আরও ক্ষমতা তুলে দেওয়ার বিষয়টি সবাইকে স্মরণ করিয়ে দেয়। আজ রাজ ভবনের দরবার হলে আয়োজিত রাখি উৎসবের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, সমাজে মহিলারা যাতে ভয় মুক্ত পরিবেশে থেকে সমস্ত অধিকার ভোগ করতে পারেন তা সুনিশ্চিত করার দায়িত্ব আমাদের সবার। এই কাজে দলমত নির্বিশেষে সবাইকে এগিয়ে আসতে হবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিদ্যা ভারতির স্টেট কো-অর্ডিনেটর নিলমনি চক্রবর্তী ও ব্রহ্মকুমারীর ভগিনীগণ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্কৃতি ফাউন্ডেশনের পক্ষে মহেশ শেট্টি। রাখি উৎসব অনুষ্ঠানে ব্রহ্মকুমারীর ভগিনীগণ, কল্যাণ আশ্রম ও ত্রিপুরেশ্বরী বিদ্যামন্দিরের ছাত্রীগণ, এবং প্রখ্যাত শিল্পী তিথি দেববর্মণ রাজ্যপালের হাতে রাখি পরিয়ে দেন। অনুষ্ঠানে সংস্কৃতি ফাউন্ডেশনের সদস্যরা সি আর পি এফ জওয়ানদের হাতে রাখি পরিয়ে দেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****